

# Voice of Global South Summit

January 06, 2023

## গ্লোবাল সাউথ শীর্ষ সম্মেলনের কন্ঠস্বর

জানুয়ারী 06, 2023

12-13ই জানুয়ারি 2023 -এ ভারত একটি নতুন এবং অভিনব উদ্যোগ গ্রহণ করে একটি বিশেষ ভারচুয়াল শীর্ষসম্মেলনের আয়োজন করবে। “ কন্ঠের একতা, উদ্দেশ্যের একতা” থিমের অধীনে এই “ গ্লোবাল সাউথ শীর্ষ সম্মেলনের কন্ঠস্বর” গ্লোবাল সাউথের দেশগুলিকে তাদের দৃষ্টিভঙ্গি এবং অগ্রাধিকারগুলিকে একটি অভিন্ন মঞ্চে ভাগ করে নেবার জন্য একত্রিত হবার পরিকল্পনা করেছে। এই শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করার জন্য 720টিরও দেশকে আমন্ত্রণ জানানো হয়েছে।

উদ্যোগটি প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সবকা সাথ, সবকা বিকাশ, সবকা বিশ্বাস এবং সবকা প্রয়াস দৃষ্টিভঙ্গি দ্বারা উৎসাহিত এবং ভারতের বসুধৈব কুটুম্বকম দর্শন দ্বারা আবদ্ধ।

গ্লোবাল সাউথের কন্ঠস্বরের শীর্ষ সম্মেলনের আলোচনায় উৎপন্ন মূল্যবান পরামর্শগুলি যাতে বিশ্বব্যাপী যথাযথ জ্ঞান প্রাপ্ত হয় তা নিশ্চিত করতে ভারত কাজ করবে।

আরও অধিক, যে সকল দেশগুলি জি20 প্রক্রিয়ার অংশ নয় জি20 থেকে তাদের ভাবনা এবং প্রত্যাশাকে ভাগ করে নেবার জন্য ভারতের আসন্ন জি20 সভাপতিত্ব তাদের একটি বিশেষ ও জোরদার সুযোগ প্রদান করে। এটি আমাদের প্রধান মন্ত্রীর বক্তব্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ যেখানে তিনি বলেছেন যে, ভারতের জি20 সভাপতিত্ব শুধুমাত্র আমাদের জি20 শরিকদের সাথে আলোচনার মাধ্যমে গঠন করা হবে তা নয় বরং আমাদের গ্লোবাল সাউথ সহযোগীদের সাথেও আলোচনা করে গঠন করা হবে , যাদের কন্ঠস্বর প্রায়ই অশ্রুত থাকে।

শীর্ষ সম্মেলনে দশটি অধিবেশন বিবেচনাধীন থাকবে। 12ই জানুয়ারি চারটি অধিবেশন হবে এবং 13ই জানুয়ারি ছয়টি অধিবেশন হবে। আশা করা যায় প্রতিটি অধিবেশন 10-20 দেশের নেতা/মন্ত্রীদের উপস্থিতির সাক্ষ্য বহন করবে।

উদ্বোধনী এবং সমাপ্ত অধিবেশন রাষ্ট্র প্রধান/সরকার পর্যায়ে হবে এবং প্রধানমন্ত্রী নিমন্ত্রণ কর্তা হবেন। উদ্বোধনী নেতৃ পর্যায়ে অধিবেশনের থিম হল “মানব কেন্দ্রিক বিকাশের জন্য গ্লোবাল সাউথের কন্ঠস্বর” এবং সমাপ্তি নেতৃ পর্যায়ে অধিবেশনের থিম হল “ কন্ঠস্বরের একতা-লক্ষ্যের একতা”।

এর অতিরিক্ত ৪টি মন্ত্রী পর্যায়ে অধিবেশন হবে, সেগুলির থিম হল:

“মানব কেন্দ্রিক বিকাশে অর্থায়ন”-এর উপরে অর্থমন্ত্রীদের অধিবেশন।

- “পরিবেশ বান্ধব জীবনযাত্রার সাথে (লাইফ) বৃদ্ধির ভারসাম্য বজায় রাখা”-র উপরে পরিবেশ মন্ত্রীদের অধিবেশন।

- “গ্লোবাল সাউথের অগ্রাধিকার-একটি উপযোগী পরিবেশ নিশ্চিত করা”-র উপরে পরিবেশ মন্ত্রীদের অধিবেশন।
- “শক্তির নিরাপত্তা এবং বিকাশ- সমৃদ্ধির রোডম্যাপ”-এর উপরে শক্তি মন্ত্রীদের অধিবেশন।
- “স্থিতিস্থাপক স্বাস্থ্যসেবা ব্যবস্থা নির্মাণে সহযোগিতা”-র উপরে স্বাস্থ্য মন্ত্রীদের অধিবেশন।
- “মানব সম্পদ বিকাশ এবং ক্ষমতা নির্মাণ”-এর উপরে শিক্ষামন্ত্রীদের অধিবেশন।
- “বাণিজ্য, প্রযুক্তি, পর্যটন এবং সম্পদ বিকাশে গ্লোবাল সাউথ সমন্বয়”-এর উপরে বাণিজ্যমন্ত্রীদের অধিবেশন।
- “জি20- ভারতের সভাপতিত্বের জন্য পরামর্শ”-র উপরে বিদেশ মন্ত্রীদের অধিবেশন।

শীর্ষসম্মেলন সংক্রান্ত আরও বিস্তারিত যথাসময়ে প্রদান করা হবে।

জানুয়ারি 06, 2023  
নিউ দিল্লি

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.